৪৭

দৈনিক সংবাদ

তারিখ ... 18 JAN 1996 ... ...
পৃষ্ঠা ৫ কলাম ২ ......

# একই রেজিস্ট্রেশন নম্বরে দু'জন পরীক্ষার্থী

মনোহরদী (নরসিংদী), ১৭ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- সম্প্রতি এখানে প্রতারণাপূর্বক একই রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ২ ছাত্রীকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়ার একটি অভিযোগ পাওয়া গেছে।

এ থানার নারান্দী আলাউদ্দিন নূরানী বালিকা উচ্চ বিদ্যালয়ের নিয়মিত ছাত্রী সালমা আক্তার '৯৪ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়। তার রেজিস্ট্রেশন নম্বর ছিলো ০৫৬৩৩১ এবং জন্ম তারিখ ছিল ১৫/১/৭৯ইং। ব্যক্তিগত কারণে পরবর্তী বছর সে পরীক্ষা দিতে পারেনি। এ সুযোগে চন্দনবাড়ী পাইলট গার্লস হাই স্কুল থেকে তিন বছর আগে এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে অকৃতকার্য নাজমা বেগমকে একই রেজিঃ নম্বর এবং জন্ম তারিখ দিয়ে উক্ত স্কুল থেকে এসএসসি পরীক্ষা দানের সুযোগ করে দেয়া হয়। দুর্ভাগ্যবশত নাজমা বেগম পাস করতে পারেনি। এ পর্যন্ত প্রতারণার ঘটনাটি গোপন থাকে। অবশেষে উভয় পরীক্ষার্থিনী '৯৬ সালে এসএসসি পরীক্ষা দিতে ফরম পূরণের জন্য সংশ্লিষ্ট স্কুলে গেলে প্রতারণার ঘটনাটি ফাঁস হয়ে যায়। এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক রফিকুল ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি এটি 'ভুল হয়ে থাকতে পারে' বলে এ প্রতিনিধিকে জানিয়েছেন।